তারিখ 25 SEP 1990
পৃষ্ঠা ৬ কলাম ৫

দৈনিক বাংলা

42

## সরকারী কলেজ শিক্ষক সমিতির কর্মবিরতির ১৭তম দিন

১৮ দফা দাবী আদায়ের লক্ষ্যে বাংলাদেশ সরকারী কলেজ শিক্ষক সমিতির চলমান আন্দোলন কর্মসূচীর অংশ হিসেবে গতকাল দেশের ২১৩টি সরকারী কলেজে কর্মবিরতির সপ্তদশ দিবস অতিবাহিত হয়। শিক্ষকগণ সকাল ১০টা থেকে বেলা একটা পর্যন্ত একটানা তিন ঘন্টা কর্মবিরতি পালন করেন।